

কিউএস র‍্যাঙ্কিং

# বিশ্বের সেরা ৬০০ এর মধ্যে নেই দেশের কোনো বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:৪৫, ১০ ডিসেম্বর ২০২৪



ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যভিত্তিক ৯ শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসে (কিউএস) বিশ্বসেরা টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। সেই তালিকায় প্রথম ৬০০ এর মধ্যে বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় নেই। দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষ স্থানে আছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও ড্যাফোডি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। এ ২টির অবস্থান ৬০০ থেকে ৭০০ এর মধ্যে।

UNIBOTS

প্রকাশিত তালিকায় বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সবার ওপরে রয়েছে ঢাব বিশ্ববিদ্যালয় (ঢাবি)। তালিকায় ৬৩৪তম অবস্থানে রয়েছে ঢাবি। এরপর রয়েছে ড্যাফোডি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। বেসরকারি এ বিশ্ববিদ্যালয়টি ৬৯০তম স্থানে রয়েছে। শীর্ষ এক হাজারে বাংলাদেশের আর কোনো বিশ্ববিদ্যালয় নেই।

মঙ্গলবার (১০ ডিসেম্বর) তৃতীয়বারের মতো 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৫' শীর্ষক এ র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়। এতে বিশ্বের প্রায় ১ হাজার ৮০ বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে বাংলাদেশের ১৫টি বিশ্ববিদ্যালয় জায়গা পেয়েছে। তালিকা এবারও বিশ্বসেরা বিশ্ববিদ্যালয় হওয়ার গৌরব অর্জন করেছে কানাডার ইউনিভার্সিটি অফ টরন্টো।

কিউএস র‍্যাঙ্কিংয়ে ঢাবি ও ড্যাফোডিল বাদে বাকিরা সবাই এক হাজারের বাইরে স্থান পেয়েছে তৃতীয় অবস্থানে থাকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১০৮০ থেকে ১১০০-এর মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১১০১ থেকে ১১২০, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ১১৪১ থেকে ১১৬০ এর মধ্যে

এরপর ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৩০১-১৩৫০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অবস্থা ১৩৫১-১৪০০, আমেরিকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অবস্থান ১৪০১ থেকে ১৪৫০এর মধ্যে।

তাছাড়া ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, খুলনা বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৫০০-এর ওপরে। তবে ১৫০০-এর পরে থাকা বিশ্ববিদ্যালয়গুলোর সুনির্দিষ্ট অবস্থান প্রকাশ করা হয়নি।

---